জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতায় ২০১৬-২০১৭ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখ্যা	জেডিসিফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%)সর্বনিম্ন – সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%)সর্বনিম্ন - সর্বোচ্চ
১।	জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	০৫ টি	০৩ টি	০২টি	০০ টি	০২ টি	০২ টি	৪০%-৪০%-	০২ টি	৬৯.২৩% ১২০.৯৩%

১। **<u>সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ</u>** ০৫ টি

২। **<u>সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকালঃ</u>**

প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়)	প্রকৃত বাস্তবায়নকাল
বিজিবি'র সদর দপ্তরে জেসিও ও অন্যান্য পদধারীদের (ORs) জন্য ২টি ১৫ তলা বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ	৫৬৬৯.৭৫	জুলাই ২০১৫ হতে জুন ২০১৭
বাংলাদেশের বিভিন্ন স্থানে পুলিশ বিভাগের ৬০টি তদন্ত কেন্দ্রের টাইপ প্ল্যানে নির্মাণ (সংশোধিত)	১৬৪১৭.৩৬	জুলাই ২০০৯ হতে জুন ২০১৭
Anti Trafficking Mechanism & Monitoring Project	**৩৫৩.০৫ (৩০৩.০৫)**	জুলাই ২০১২ হতে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত
বর্ডার ম্যানেজমেন্ট ইক্যুইপমেন্ট ফর বর্ডার গার্ড বাংলাদেশ (১ম সংশোধিত)	**৪৫৭৪.৬৩১৬**	০১ জানুয়ারি ২০১৪ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত
Protection and Enforcement of Women Rights (PEWR)	৮৭৩.৪১ (৮৭৩.৪১)	মার্চ ২০১৩ হতে ডিসেম্বর ২০১৬পর্যন্ত

৩। **<u>সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ</u>**

প্রকল্পের নাম	**ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ**
বর্ডার ম্যানেজমেন্ট ইক্যুইপমেন্ট ফর বর্ডার গার্ড বাংলাদেশ (১ম সংশোধিত)	নতুন আইটেম অন্তর্ভুক্তির কারণে প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি করা হয়।
বাংলাদেশের বিভিন্ন স্থানে পুলিশ বিভাগের ৬০টি তদন্ত কেন্দ্র টাইপ প্ল্যানে নির্মাণ (সংশোধিত)	স্থাপত্য নকশার পরিবর্তন, নতুন অঙ্গ অন্তর্ভুক্তির কারণে প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি করা হয়।

০৪। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

ক্রম	সমস্যা	সুপারিশ
১.	**"বিজিবি'র সদর দপ্তরে জেসিও ও অন্যান্য পদধারীদের (ORs) জন্য ২টি ১৫ তলা বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ" প্রকল্প**	
	১. ভবন দু'টির দেয়ালের কয়েকটি স্থানে লোনা'র প্রভাব লক্ষ করা গেছে। ২. স্পেসিফিকেশন অনুযায়ী দরজা এবং জানালার কাঠ লাগানো হয়নি।	১. ভবনের লোনা ধরা স্থান দ্রুত কিউরিং এর ব্যবস্থা করতে হবে। ২. ভবনের স্যানিটারী ওয়ার্ক, সিড়ির টাইলস্, সিঁড়ির গ্রীল, থাই গ্লাস লাগানো, দরজা, লিফট, ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্ট ইত্যাদি স্থাপন করতে হবে।
২.	**বাংলাদেশের বিভিন্ন স্থানে পুলিশ বিভাগের ৬০টি তদন্ত কেন্দ্র টাইপ প্ল্যানে নির্মাণ (সংশোধিত)**	
	১. নিঝুম দ্বীপ, নোয়াখালী তদন্ত কেন্দ্রের ডিপ টিউবয়েলের পানি সরবরাহ লাইন তৈরী করা হয়েছে কিন্তু পানি সরবরাহের লাইনের নিচে ইটের কাজ করা হয়নি। ২. জামালপুর দুটি স্থানে (সানন্দাবাজার, তাড়াটিয়া), চকোরিয়া এবং কক্সবাজারের ভবনগুলোতে ব্যবহৃত টাইলসের ফিনিশিং পুটিং ভালভাবে দেয়া হয়নি এবং নিঝুম দ্বীপ, নোয়াখালীর সিড়ির কয়েকটি টাইলস ভাঙ্গা রয়েছে। ৩. কক্সবাজার দুটি স্থানে (বাহারছড়া টেকনাফ, চকোরিয়া), নিজামপুর, মিরেরসরাই চট্টগ্রামের ভবনগুলোর ছাদে পানি জমে থাকার প্রমাণ লক্ষ্য করা গেছে।	১. নিঝুম দ্বীপ, নোয়াখালী তদন্ত কেন্দ্রের ডিপ টিউবওয়েলের পানি সরবরাহ লাইন তৈরীতে ইটের কাজ করতে হবে। ২. জামালপুর দু'টি স্থানে (সানন্দাবাজার, তাড়াটিয়া); চকোরিয়া, কক্সবাজার; ভবনগুলোতে ব্যবহৃত টাইলসের ফিনিশিংপুটিং ভালভাবে দিতে হবে। নিঝুম দ্বীপ, নোয়াখালী তদন্ত কেন্দ্রের ভাঙ্গা টাইলস পরিবর্তন করতে হবে। ৩. কক্সবাজার দু'টি স্থানে (বাহারছড়া টেকনাফ, চকোরিয়া); নিজামপুর, মিরেরসরাই চট্টগ্রাম ভবনগুলোর ছাদে পানি অপসারণের ব্যবস্থা করতে হবে।
৩.	**Anti Trafficking Mechanism & Monitoring Project -শীর্ষক প্রকল্প**	
	১. সরঞ্জাম/ যন্ত্রপাতি ব্যবহারের ফলে কিছু সরঞ্জাম/ যন্ত্রপাতির মান কিছুটা নস্ট হয়েছে। এ সকল সরঞ্জাম/ যন্ত্রপাতির মেরামত ও সংরক্ষণ করা প্রয়োজন; ২. পরিদর্শনকৃত বিওপিসমূহে ইতোপূর্বে অন্য প্রকল্পের মাধ্যমে সোলার প্যানেল প্রদান করা হয়েছিল, কিন্তু কিছুদিন পর ব্যাটারী নস্ট হওয়ায় এখন তা কার্যকর নয়।	১. বিভিন্ন বিওপিতে সরঞ্জাম/ যন্ত্রপাতি ব্যবহারের ফলে কিছু সরঞ্জাম/ যন্ত্রপাতির মান নস্ট হয়েছে। এ সকল সরঞ্জাম/ যন্ত্রপাতির মেরামত ও সংরক্ষণ করতে হবে; ২. পরিদর্শনকৃত বিওপিসমূহে ইতোপূর্বে অন্য প্রকল্পের মাধ্যমে সোলার প্যানেল প্রদান করা হয়েছিল, কিন্তু ব্যাটারী নস্ট হওয়ায় এখন তা কার্যকর নয়। রাজস্ব বাজেট অথবা অন্য প্রকল্পের মাধ্যমে সোলার প্যানেল কার্যকর (Functional) করার ব্যবস্থা করতে হবে;
৪.	**বর্ডার ম্যানেজমেন্ট ইক্যুইপমেন্ট ফর বর্ডার গার্ড বাংলাদেশ (১ম সংশোধিত) -শীর্ষক প্রকল্প**	
	১. সরঞ্জাম/ যন্ত্রপাতি ব্যবহারের ফলে কিছু সরঞ্জাম/ যন্ত্রপাতির মান কিছুটা নস্ট হয়েছে। এসকল সরঞ্জাম/ যন্ত্রপাতির মেরামত ও সংরক্ষণ করা প্রয়োজন; ২. পরিদর্শনকৃত বিওপিসমূহে ইতোপূর্বে অন্য প্রকল্পের মাধ্যমে সোলার প্যানেল প্রদান করা হয়েছিল, কিন্তু কিছুদিন পর ব্যাটারী নস্ট হওয়ায় এখন তা কার্যকর নয়;	১. বিভিন্ন বিওপিতে সরঞ্জাম/ যন্ত্রপাতি ব্যবহারের ফলে কিছু সরঞ্জাম/ যন্ত্রপাতির মান নস্ট হয়েছে। এসকল সরঞ্জাম/ যন্ত্রপাতির মেরামত ও সংরক্ষণ করতে হবে; ২. পরিদর্শনকৃত বিওপিসমূহে ইতোপূর্বে অন্য প্রকল্পের মাধ্যমে সোলার প্যানেল প্রদান করা হয়েছিল, কিন্তু ব্যাটারী নস্ট হওয়ায় এখন তা কার্যকর নয়। রাজস্ব বাজেট অথবা অন্য প্রকল্পের মাধ্যমে সোলার প্যানেল কার্যকর (Functional) করার ব্যবস্থা করতে হবে; ৩.

৫.	**Protection and Enforcement of Women Rights t (PEWR)** - শীর্ষক প্রকল্প।	
	১. বাস্তবায়িত কারিগরি সহয়তা প্রকল্পের আওতায় ক্রয়কৃত সরঞ্জাম/ যন্ত্রপাতি কোথায় কোন্ কোন্ থানায় বিতরণ করা হয়েছে তার বিস্তারিত তথ্য পাওয়া যায়নি; ২. পরিদর্শনকালীন সময়ে বাস্তবায়িত কারিগরি সহায়তা প্রকল্পের কোন নথি পাওয়া যায়নি;	১. ক্রয়কৃত সরঞ্জাম/ যন্ত্রপাতি কোথায় কোন কোন থানায় বিতরণ করা হয়েছে তার তালিকা সংরক্ষণ করা প্রয়োজন; ২. পরিদর্শনকালীন সময়ে বাস্তবায়িত কারিগরি সহায়তা প্রকল্পের কোন নথি পাওয়া যায়নি। বাস্তবায়িত প্রকল্পের নথিপত্র সংরক্ষণ করা প্রয়োজন;

??????? ??? ?????????? ?????????????(ORs) ????????? ??????????????????
????শীর্ষক ?????? ???????? ?????????
(???????,?????)

	নামঃ	বিজিবি'র সদর দপ্তরে জেসিও ও অন্যান্য পদধারীদের (ORs) জন্য ২টি
১.০		১৫ তলা বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ।
২.০	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ	**জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।**
৩.০	বাস্তবায়নকারী সংস্থাঃ	বর্ডার গার্ড বাংলাদেশ
৪.০	প্রকল্প এলাকাঃ	বিজিবি হেডকোয়ার্টার পিলখানা, ঢাকা।
৫.০	প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয়ঃ	

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট টাকা (প্রঃসাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল মোট টাকা (প্রঃসাঃ)	সর্বশেষ সংশোধিত মোট টাকা (প্রঃসাঃ)		মূল	সর্বশেষ সংশোধিত			
৫৮৬৯.২৫	-	৫৬৬৯.৭৫	জুলাই ২০১৫ হতে জুন ২০১৭	-	জুলাই ২০১৫ হতে জুন ২০১৭	-	-

*** প্রকৃত ব্যয় মূল প্রকল্প ব্যয়ের অপেক্ষা ১৯৯.৫০ লক্ষ টাকা কম খরচ হয়েছে।**

৬.০ প্রকল্পের বিভিন্ন অঙ্গের বাস্তবায়ন (PCR-এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে):

(ব্যয় লক্ষ টাকায়)

ক্রঃ নং	বিভিন্ন অংগের নাম	পরিকল্পিত লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন	
		আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬
	রাজস্ব খাতঃ				
১.	স্টেশনারী	১৪.০০	১৪.০০	১৪.০০ (১০০%)	১৪.০০ (১০০%)
২.	আপ্যায়ন	৩.০০	-	-	-
৩.	কন্সালটেন্ট সুপারভিশন, মাটি পরীক্ষা ও মেটারিয়াল পরীক্ষঅ	৪০.০০	৪০.০০	৪০.০০ (১০০%)	৪০.০০ (১০০%)
৪.	সম্মানী	৫.০০	৫.০০	৫.০০ (১০০%)	৫.০০ (১০০%)
৫.	বিজ্ঞাপন ও সার্কুলেশন	২.০০	-	১.৩৮৪৩	
	ক) উপ-মোট (রাজস্ব)	৬৪.০০	-	৬০.৩৮৪৩	
	মূলধন খাতঃ				
১.	অফিস ইক্যুপমেন্ট	১১.০০	১১.০০	১১.০০ (১০০%)	১১.০০ (১০০%)
২.	ফার্ণিচার	১৫৫.৫১	১৫৫.৩১৯	১৫৫.৩১৯ (১০০%)	১৫৫.৩১৯ (১০০%)
৩.	ফায়ার ফাইটিং	৩০০.০০	২৮৯.২৮৯	২৮৯.২৮৯	২৮৯.২৮৯ (৯৬.৪৩%)
৪.	জুনিয়র কিমিশনিং অফিসার ও অন্যান্য	৪৬৮৫.১৮	২	৪৬৭১.৪৩৮	২

ক্রঃ নং	বিভিন্ন অংগের নাম	পরিকল্পিত লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন	
		আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬
	পদধারীদের জন্য ২টি ১৫ তলা বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ			(৯৯.৭১%)	(১০০%)
৫.	লিফট	৩৮০.০০	২	৩৭৯.৯৮৬	২ (১০০%)
৬.	জেনারেটর (২০০ কেভিএ)	৭০.০০	২	৬৯.৭৬৯	২ (১০০%)
৭.	এ্যাপ্রোচ রোড	৩২.৬১	২	৩২.৫৬৬	২ (১০০%)
৮.	প্রাইস কন্টিজেন্সি	৫৬.৯৮	-	-	
৯	ফিজিক্যাল কন্টিনজেন্সি	১১৩.৯৭	-	-	
১০.	উপ-মোট মূলধন	৫৮০৫.২৫	-	৫৬০৯.৩৬৭	
	সর্বমোট (ক+খ)	৫৮৬৯.২৫		৫৬৬৯.৭৫১৩	-

৭.০ **সাধারণ পর্যবেক্ষণঃ**

৭.১ পটভূমিঃ প্যারামিলিটারি ফোর্স হিসেবে বিজিবি'র প্রধান দায়িত্ব হলো দেশের ৪৪২৭ কিঃমিঃ সীমান্ত এলাকার নিরাপত্তা প্রদান করা। বাংলাদেশের সীমান্ত এলাকায় সীমান্ত নিরাপত্তার পাশাপাশি মানব পাচার, মাদক ও অন্যান্য চোরাচালান প্রতিরোধে বর্ডার গার্ড বাংলাদেশ সার্বক্ষণিকভাবে কাজ করে যাচ্ছে। অভ্যন্তরীণ আবাসন সুযোগ সুবিধা বৃদ্ধি না পাওয়ায় বিজিবি, হেডকোয়ার্টার, পিলখানার জুনিয়র কমিশন্ড কর্মকর্তা (জেসিও) এবং অন্যান্য কর্মকর্তাদের অনেকেই পরিবারসহ ভাড়া বাসায় থাকেন, যা তাদের নিরাপত্তার জন্য অনুকূল নয়। এ কর্মকর্তাদের পারিবারিক আবাসন সুবিধা নিশ্চিতপূর্বক তাদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মোট ৫৮৬৯.২৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৫ থেকে জুন, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য এ প্রকল্পটি গ্রহণ করা হয়।

প্রকল্পের উদ্দেশ্যঃ

বিজিবি'র ঢাকায় অফিসার/ অন্যান্য পদধারী এবং কর্মচারীদের জন্য নিরাপদ, স্বাস্থ্যসম্মত আবাসিক সুযোগ সুবিধা সম্প্রসারণ।

৭.২ প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

আলোচ্য প্রকল্পটি ৫৮৬৯.২৫ লক্ষ টাকা প্রাক্কলতি ব্যয়ে জুলাই, ২০১৫ হতে জুন, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ১১/০৮/২০১৫ তারিখে একনকে র্কতৃক অনুমোদতি হয়। প্রকল্পটির কোন সংশোধন বা মেয়াদ বৃদ্ধি করা হয়নি।

৭.৩ **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

ক) জেসিও ও অন্যান্য পদধারীদের জন্য ১৫ তলার ২টি ওআরএস কোয়ার্টার নির্মাণ;
খ) প্রতিটি ভবনের জন্য অভ্যন্তরীণ সেনিটেশন, বাউন্ডারী ওয়াল, ভূমি উন্নয়ন;
গ) আসবাবপত্র, লিফট, ফায়ার ফাইটিং সরঞ্জামাদি ও জেনারেটর ইত্যাদি সংগ্রহ।

৭.৪ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতায় বিজিবি কর্তৃক প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। নিম্নে বর্ণিত কর্মকর্তাবৃন্দ প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেনঃ

ক্র. নং	কর্মকর্তার নাম ও পদবী	কার্যকাল		মন্তব্য
		শুরু	পর্যন্ত	
০১	বিএ-২৮২১ কর্নেল মোঃ নজরুল ইসলাম	১৩/১০/২০১৫	২০/০৬/২০১৬	খন্ডকালীন
০২	বিএ-৪২৬৯ মেজর মোহাম্মদ আব্দুল্লাহ আল ফারাবি	২০/০৬/২০১৬	১৩/১০/২০১৬	খন্ডকালীন

০৩	বিএ-৪৩৪৪ কর্নেল মোঃ তানভির আলম খান	১৩/১০/২০১৬	সমাপ্তি পর্যন্ত	খন্ডকালীন

৭.৫ <u>প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতিঃ</u>

প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৫৮৬৯.২৫ লক্ষ টাকা। মন্ত্রণালয় হতে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি মোট ৫৬৬৯.৭৫ লক্ষ টাকা (৯৬.৬০%)। প্রকল্পটির অনুকূলে ২০১৫-১৬ হতে ২০১৬-২০১৭ বছর পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্ত	ব্যয়		
	মোট টাকা	জিওবি	পিএ	টাকা	মোট টাকা	জিওবি	বাস্তব%
১	২	৩	৪	৫	৭	৮	৯
২০১৫-১৬	৪৩২৫.০০	৪৩২৫.০০	-	৪৩২৫.০০	৪৩২৪.০০	৪৩২৪.০০	-
২০১৬-১৭	১৫৩৫.০০	১৫৩৫.০০	-	১৫৩৫.০০	১৩৪৫.৭৫১৩	১৩৪৫.৭৫১৩	-
মোট	৫৮৬০.০০	৫৮৬০.০০	-	৫৮৬০.০০	**৫৬৬৯.৭৫১৩**	**৫৬৬৯.৭৫১৩**	-

অবমুক্তকৃত অর্থ এর তুলনায় কম ব্যয়ের ফলে যে উদ্বৃত্ত অর্থ ছিল তা সরকারি কোষাগারে জমা করা হয়েছে মর্মে তৎকালীন প্রকল্প পরিচালক অবহিত করেন।

৮.০ <u>প্রকল্প পরিদর্শনঃ</u>

৮.১ গত ১১/০১/২০১৮ তারিখে আলোচ্য প্রকল্পের আওতায় সদর দপ্তর, বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বিজিবি'র প্রতিনিধি উপস্থিত ছিলেন। পরিদর্শনের সময় সদর অফিসের কাগজ পত্রাদি দেখা হয়। এখন পর্যন্ত প্রকল্পের অডিট সম্পন্ন করা হয়নি। প্রকল্প কর্তৃপক্ষকে দ্রুত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্পের অডিট সম্পন্ন করে তা জননিরাত্তা বিভাগের মাধ্যমে আইএমই বিভাগকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। পরিদর্শনের সময় ভবন দু'টির ১৫ তলা পর্যন্ত সকল তলায় বর্তমান কাজের অগ্রগতি সরেজমিন দেখা হয়। বর্তমানে প্রথমোক্ত আবাসিক ভবনটির মুল স্ট্রাকচার নির্মাণ সম্পন্ন হয়েছে। তবে কিছু ফিনিশিং ওয়ার্ক এখনো চলমান রয়েছে। ভবনটির ১৩ তলা পর্যন্ত ব্রিক ওয়ার্ক সম্পন্ন হয়েছে এবং প্লাস্টার সম্পন্ন হয়েছে ০৯ তলা পর্যন্ত। ভবনের বাহিরের দিকের দেয়ালের প্লাস্টার এখন পর্যন্ত করা হয়নি। ভবনের স্যানিটারী ওয়ার্ক, সিড়ির টাইলস, সিড়ির গ্রীল, থাই গ্লাস লাগানো, দরজা, লিফট, ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্ট ইত্যাদি এখন পর্যন্ত ভবনে স্থাপন বা কাজ করা হয়নি। দ্রুত এ সকল কাজ শেষ করে জননিরাপত্তা বিভাগের মাধ্যমে আইএমই বিভাগকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। ভবনটিতে স্পেসিফিকেশন অনুযায়ী দরজা এবং জানালার কাঠ লাগানো হয়নি মর্মে দেখা যায়। ভবনের দেয়ালের কয়েকটি স্থানে লোনা'র প্রভাব লক্ষ করা গেছে। প্রকল্পের আওতায় সোলার প্যানেল এখন পর্যন্ত স্থাপন করা হয়নি। আভ্যন্তরীণ বিদ্যুতায়নের কাজ শুরু করা হয়নি। ওয়ার্ক সিডিউল অনুযায়ী মানসম্মত গ্রীল ভবনে লাগানো হয়নি মর্মে দেখা যায়।

৮.২ পরিদর্শনের সময় দ্বিতীয় আবাসিক ভবনটির মুল স্ট্রাকচার নির্মাণ সম্পন্ন হয়েছে মর্মে দেখা যায় । তবে ভবনটি এখন পর্যন্ত বসবাসের উপযোগী নয়। ভবনের ফিনিশিং ওয়ার্ক এখনো চলমান রয়েছে। ভবনটির ১৩ তলা পর্যন্ত ব্রিক ওয়ার্ক এবং প্লাস্টার সম্পন্ন হয়েছে ০৯ তলা পর্যন্ত। ভবনের বাহিরের দিকের দেয়ালের প্লাস্টার এখন পর্যন্ত করা হয়নি। ভবনটিতে স্পেসিফিকেশন অনুযায়ী দরজা এবং জানালার কাঠ লাগানো হয়নি মর্মে দেখা যায়। ভবনের স্যানিটারী ওয়ার্ক, সিড়ির টাইলস, সিড়ির গ্রীল, থাই গ্লাস লাগানো, দরজা, লিফট, ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্ট ইত্যাদি এখন পর্যন্ত ভবনে স্থাপন বা কাজ করা হয়নি। দ্রুত এ সকল কাজ শেষ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। ভবনের সিড়ির দেয়ালের কয়েকটি স্থানে লোনা'র প্রভাব লক্ষ করা গেছে। প্রকল্পের আওতায় সোলার প্যানেল এখন পর্যন্ত স্থাপন করা হয়নি। আভ্যন্তরীণ বিদ্যুতায়নের কাজ শুরু করা হয়নি মর্মে দেখা যায়। ভবন দুটির সামনে এ্যাপ্রোচ রোড এখন পর্যন্ত ব্যবহার উপযোগী নয়। ওয়ার্ক সিডিউল অনুযায়ী মানসম্মত

গ্রীল ভবনে লাগানো হয়নি মর্মে দেখা যায়। ভবনের সামনে পরিষ্কার পরিচ্ছন্ন করে ব্যবহার উপযোগী করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

প্রকল্প পরিদর্শনের স্থির/ ভিডিও চিত্র ও বর্ণনা:

চিত্র



বর্ণনাঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের বর্ডার গার্ড, বাংলাদেশ কর্তৃক বাস্তবায়িত "বিজিবি'র সদর দপ্তরে জেসিও ও অন্যান্য পদধারীদের (ORs) জন্য ২টি ১৫ তলা বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের নির্মিত ভবন সরেজমিন পরিদর্শনের চিত্র।

৯.৩ ভবনের যে সকল কাজ এখন পর্যন্ত পুরোপুরি সম্পন্ন হয়নি সে সকল কাজের ক্ষেত্রে বিজিবির পূর্ত শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা নির্মিত ভবন পরিদর্শন করে নির্মাণ ত্রুটি/ বিচ্যুতি চিহ্নিত করে ত্রুটি তালিকা (Defect List) ঠিকাদারের নিকট প্রেরণ করবে। যার ভিত্তিতে ঠিকাদার স্বীয় খরচে উক্ত ত্রুটি/ বিচ্যুতি মেরামত/পরিবর্তন করে তা বিজিবির নিকট হস্তান্তর করতে পারে। ভবনের সামনে আরবরি কালচার করা হয়নি। প্রকল্পের অবশিষ্ট কাজ সম্পাদন শেষে আরবরি কালচার করে ভবনের সৌন্দর্য বৃদ্ধির পরামর্শ প্রদান করা হয়। ভবনের পুরো কাজ যেহেতু এখন পর্যন্ত শেষ হয়নি সেহেতু ফ্লাটসমূহের আসবাবপত্র এখন পর্যন্ত রুমে স্থাপন করা হয়নি।

৯. **ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ** আলোচ্য প্রকল্পের মাধ্যমে যে সকল নির্মাণকাজ/মালামাল ক্রয় করা হয়েছে তা পিপিআর অনুসারে যথাযথ সদস্যদের সমন্বয়ে গঠিত দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক করা হয়েছে। দরপত্র মূল্যায়ন কমিটিতে বিভাগ/সংস্থা বহির্ভূত অন্যান্য বিভাগ/সংস্থার ২ (দুই) জন সদস্য নিয়মানুয়ায়ী অর্ন্তভূক্ত করা হয়েছে। প্রকল্পের আওতায় সকল ক্রয় বাৎসরিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক অবহিত করেন। পিপিআর অনুযায়ী যথাযোগ্য অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক অবহিত করেন।

১০. অডিট নিস্পত্তি সংক্রান্ত তথ্যাদিঃ

প্রকল্পের প্রেরিত পিসিআর এর অনুচ্ছেদ-এফ মনিটরিং এন্ড অডিটিং এর ২.১ নং অনুচ্ছেদে কোন তথ্য উল্লেখ করা হয়নি। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্পের অডিট সম্পন্ন করে তা নিষ্পত্তি করার জন্য পরামর্শ প্রদান করা হয়। প্রকল্প পরিচালক এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন মর্মে জানান।

১১. প্রকল্পের ?????ও অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
বিজিবি'র ঢাকায় অফিসার/ অন্যান্য পদধারী এবং কর্মচারীদের জন্য নিরাপদ, স্বাস্থ্যসম্মত আবাসিক সুযোগ সুবিধা সম্প্রসারণ।	বর্ণিত প্রকল্পটিতে এখন পর্যন্ত জেসিও ও অন্যান্য পদধারীরা বসবাস শুরু করেননি। তবে প্রকল্পটি বাস্তবায়নের ফলে পিলখানায় বসবাসরত জেসিও ও অন্যান্য পদধারীদের স্ব-পরিবারে বসবাসের আবাসন সমস্যা কিছুটা হলেও লাঘব হবে। এছাড়াও তাদের মনোবল জোরদার এবং কর্মস্পৃহা বহুলাংশে বৃদ্ধি পাবে।

??.? ???????? ???????? ?????? ?? ??? ?????????????

১৩.০ **সমস্যাঃ**

১৩.১ ভবনের বাহিরের দিকের দেয়ালের প্লাস্টার এখন পর্যন্ত করা হয়নি।

১৩.২ ভবন দু'টির দেয়ালের কয়েকটি স্থানে লোনা'র প্রভাব লক্ষ করা গেছে।

১৩.৩ স্পেসিফিকেশন অনুযায়ী দরজা এবং জানালার কাঠ লাগানো হয়নি।

১৩.৪ ওয়ার্ক সিডিউল অনুযায়ী মানসম্মত গ্রীল ভবনে লাগানো হয়নি।

১৩.৫ প্রকল্পের আওতায় ভবনের ছাদে সোলার প্যানেল এখন পর্যন্ত স্থাপন করা হয়নি।

১৩.৬ ভবনের সামনে আরবরি কালচার করা হয়নি।

১৩.৭ ভবনের অসমাপ্ত কাজের তালিকা হলোঃ স্যানিটারী ওয়ার্ক, সিড়ির টাইলস, সিড়ির গ্রীল, থাই গ্লাস লাগানো, দরজা, লিফট, ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্ট ইত্যাদি।

১৩.৮ প্রকল্পে অডিট সম্পন্ন করা হয়নি।

১৩.৯ ভবনের সামনে আরসিসি রোড নির্মিত হয়নি।

১৩.১০ ফ্লাটসমূহের আসবাবপত্র এখন পর্যন্ত রুমে স্থাপন করা হয়নি।

১৪.০ **সুপারিশ /মেরামতঃ**

১৪.১ ভবন দু'টির সকল কাজ সম্পাদনের জন্য জুন ২০১৭ মাস পর্যন্ত সময় নির্ধারিত ছিল। কিন্তু উক্ত সময়ের মধ্যে সকল ফিনিশিং কাজ সম্পাদিত হয়নি। নির্দিষ্ট সময়ে প্রকল্পটি সমাপ্ত ঘোষণা করা হয়েছে। বিজিবির তত্বাবধানে সকল কাজ সম্পাদন পূর্বক পুনরায় এ বিভাগ কর্তৃক পরিদর্শনের ব্যবস্থা করতে হবে।

১৪.২ ভবনের লোনা ধরা স্থান দ্রুত কিউরিং এর ব্যবস্থা করতে হবে।

১৪.৩ ভবনের স্যানিটারী ওয়ার্ক, সিড়ির টাইলস, সিড়ির গ্রীল, থাই গ্লাস লাগানো, দরজা, লিফট, ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্ট ইত্যাদি স্থাপন করতে হবে।

১৪.৪ ভবনের সোলার প্যানেল স্থাপন, ইন্টারনাল রোড তৈরী এবং আরবরি কালচার দ্রুত করতে হবে।

১৪.৫ প্রকল্পে অডিট সম্পন্ন করে কোন আপত্তি থাকলে তা দ্রুত নিস্পত্তির ব্যবস্থা করতে হবে এবং আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

১৪.৬ বিজিবির পূর্ত শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক ভবন পরিদর্শন করে নির্মাণ ত্রুটি/ বিচ্যুতি চিহ্নিত করে ত্রুটি তালিকা (Defect & Liability List) ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করতে হবে। যার ভিত্তিতে ঠিকাদার কর্তৃক স্বীয় খরচে উক্ত ত্রুটি/ বিচ্যুতি মেরামত/পরিবর্তন করে তা বিজিবির নিকট হস্তান্তর করতে হবে।

১৫। প্রতিবেদনের অনুচ্ছেদ নং ১৪.১ হতে ১৪.৬ পর্যন্ত সুপারিশের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণপূর্বক আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমই বিভাগকেকে অবহিত করতে হবে।

????????? ??? ???? ???? ? ? ??????? ??????? ??? ? ??????? ???????? (??????) শীর্ষক প্রকল্পের ?????? ???????? ?????????

(???????, ????)

১.০ নামঃ বাংলাদেশের বিভিন্ন স্থানে পুলিশ বিভাগের ৬০টি তদন্ত কেন্দ্র টাইপ প্ল্যানে নির্মাণ (সংশোধিত)

২.০ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ **জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।**

৩.০ বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ পুলিশ এবং গণপূর্ত অধিদপ্তর।

৪.০ প্রকল্প এলাকাঃ বাংলাদেশের বিভিন্ন জেলার ৬০ টি স্থান।

৫.০ প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট টাকা (প্রঃসাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল মোট টাকা (প্রঃসাঃ)	সর্বশেষ সংশোধিত মোট টাকা (প্রঃসাঃ)		মূল	সর্বশেষ সংশোধিত			
৯৭০১.২০ (০.০০)	১৭৪৪৫.৭০ (০.০০)	১৬৪১৭.৩৬ (০.০০)	জুলাই ২০০৯ হতে জুন ২০১৪	জুলাই ২০০৯ হতে জুন ২০১৭	জুলাই ২০০৯ হতে জুন ২০১৭	-	৩.০০ বছর (৬০%)

*** প্রকৃত ব্যয় মূল প্রকল্প ব্যয়ের অপেক্ষা ৬৭১৬.১৬ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে।**

৬.০ প্রকল্পের বিভিন্ন অঙ্গের বাস্তবায়ন (PCR-এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে):

(ব্যয় লক্ষ টাকায়)

ক্রঃ নং	বিভিন্ন অংগের নাম	পরিকল্পিত লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন	
		আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬
	রাজস্ব খাতঃ				
১.	বেতন ও ভাতা	৩৪.০০	১ person	২৬.৩২	১ person
২.	কর্মচারীদের বেতন ভাতা	১৮.০০	২ person	১৪.১৬	২ person
৩.	ফুয়েল এন্ড লুব্রিকেন্ট	১০.০০	L.S	৮.০৩	L.S
৪.	ডিপিপি প্রিন্টিং এবং বাইন্ডিং	৬.০০	L.S	৫.০০	L.S
৫.	বিজ্ঞাপন	২০.০০	L.S	১৭.৯৫	L.S
৬.	সম্মানি	৭.৫০	L.S	৫.৫৫	L.S
৭.	মাটি পরিক্ষা	৪৫.৯৭	L.S	৪০.৬৯	L.S
৮.	ডিজিটাল সার্ভে	১০.২০	L.S	৬.৫১	L.S
	ক) উপ-মোট (রাজস্ব)	১৫১.৬৭		১২৪.২১	
	মূলধন খাতঃ				
১.	তদন্ত কেন্দ্র কাম- ব্যারাক ভবন।	১২৯৯৪.৭৬	৪৬৭৬৬.৪০ sqm		৪৬৭৬৬.৪০sqm
২.	বহিঃস্থ পানি সরবরাহ	৪৫১.৪৯	৬০ টি স্থানে	১৬১৮৩.২২ (পিসিআর এ প্রদত্ত তথ্য)	৬০ jobs
৩.	গ্যাস সংযোগ	৩৫.৪৬	১৬ টি স্থানে		১৬ jobs
৪.	আভ্যন্তরীণ রাস্তা	৪৮৮.৩৮	৩৭২৮৬.২৫ sqm		৩৭২৮৬.২৫sqm

ক্রঃ নং	বিভিন্ন অংগের নাম	পরিকল্পিত লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন	
		আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬
৫.	সারফেস ড্রেন	১২৪.৭১	৭২১৮.১৯ রা.মি.		৭২১৮.১৯rm
৬.	সীমানা প্রাচীর	১১৯৩.০২	২৮৯০৪.১১rm		২৮৯০৪.১১rm
৭.	স্যালুটিং ডায়াস	৭৯.৬৫	৬০ jobs		৬০ jobs
৮.	সাইটের উন্নয়ন	৪৭৮.৪৫	২৬৫৩০৮.০৮ Cum		২৬৫৩০৮.০৮ Cum
৯	বহিঃস্থ বিদ্যুতায়ন	৫৯১.৪১	৬০ jobs		৬০ jobs
১০.	আরবিকালচার	২১.৮৩	৬০ jobs		৬০ jobs
১১	আসবাবপত্র	১.০০	১ set	০.৯৭	১ set
১২	যানবাহন	৭০.০০	১ No	৭০.০০	১ No
১৩	কন্টিজেন্সি	৪০.০০	-	৩৮.৯৬	-
	খ) উপ-মোট মূলধন	১৬৫৭০.১৬	-	১৬২৯৩.১৫	
	গ)ফিজিক্যাল কন্টিনজেন্সি	২৪৪.২১	-	-	-
	ঘ) প্রাইস কন্টিনজেন্সি	৪৭৯.৬৬	-	-	-
	সর্বমোট	১৭৪৪৫.৭০	১৬৪১৭.৩৬	১৬৪১৭.৩৬	

৭.০ **সাধারণ পর্যবেক্ষণঃ**

৭.১ পটভূমিঃ বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে অপরাধের মাত্রা ও ধরণ দিন দিন পরিবর্তন হচ্ছে। কিন্তু অপরাধ দমন ও নিয়ন্ত্রণের জন্য পুলিশ ফোর্স কিংবা থানার সংখ্যা সেই হারে বৃদ্ধি পাচ্ছে না। থানাভিত্তিক পুলিশ স্টেশনসমূহ স্থাপিত হলেও গ্রাম বা ইউনিয়ন পর্যায়ে অপরাধ নিয়ন্ত্রণের জন্য কার্যকরী প্রতিষ্ঠান গড়ে উঠেনি। এই কারণে প্রত্যন্ত এলাকায় বসরাসরত বিশাল জনগোষ্ঠীর জানমাল রক্ষা ও নিরাপত্তা বিধানের লক্ষ্যে তদন্ত কেন্দ্র নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হয়। বর্তমানে বাংলাদেশে ৬১৫ টি থানার পাশাপাশি মঞ্জুরীকৃত তদন্ত কেন্দ্রের সংখ্যা ১৩৩টি। বিগত জুলাই, ১৯৯৪ হতে জুন, ২০০৭ মেয়াদে ১ম পর্যায়ে ৪৮টি তদন্ত কেন্দ্রের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। তন্মধ্যে ৮টি তদন্ত কেন্দ্র পরবর্তীতে পূণাঙ্গ থানায় রূপান্তিরিত হয়েছে যা প্রত্যন্ত এলাকার অপরাধ নিয়ন্ত্রণ ও এলাকাবাসীর জানমাল রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। দেশের সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নতিকল্পে ৬০টি তদন্ত কেন্দ্র নির্মাণের জন্য প্রকল্প গ্রহণ করা হয়।

প্রকল্পের উদ্দেশ্যঃ

ক) পুলিশ বিভাগের অবকাঠামোগত সুযোগ সুবিধা নিশ্চিতকরণ;
খ) আইন শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সহযোগিতা প্রদান;
গ) ফৌজদারী অপরাধের (মামলার) যথাযথ এবং দ্রুত তদন্তকরণ।

৭.২ প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

আলোচ্য প্রকল্পটি ৯৭০১ .২০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৯ থেকে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১৬.০৬.২০০৯ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ২ বছর বৃদ্ধি করে জুন ২০১৫ পর্যন্ত করা হয়। প্রকল্পের প্রথম সংশোধনে ১৭৪৪৫.৭০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক অনুমোদিত হয়। সর্বশেষ প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যাতিরেকে মেয়াদ ০১ বছর বৃদ্ধি করে জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৭ পর্যন্ত করা হয়।

৭.৩ **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

প্রকল্পের আওতায় মূল কার্যক্রমের মধ্যে রয়েছে তদন্ত কেন্দ্র কাম ব্যারাক ভবন নির্মাণ, বহিঃস্থ পানি সরবরাহ, বহিঃস্থ বিদ্যুৎ, গ্যাস সংযোগ, অভ্যন্তরীণ রাস্তা (এইচবিবি), কম্পাউন্ড ও সারফেস ড্রেন, স্যালুটিং ডায়াস, আসবাবপত্র ক্রয়, সীমানা প্রাচীর (১/৩ অংশ আরসিসি -২/৩ কাটা তার) ও বৃক্ষরোপন।

৭.৪ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতায় পুলিশ অধিদপ্তর কর্তৃক প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। নিম্নে বর্ণিত কর্মকর্তাবৃন্দ প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেনঃ

ক্র. নং	কর্মকর্তার নাম ও পদবী	কার্যকাল		মন্তব্য
		শুরু	পর্যন্ত	
০১	জনাব গাজী মোঃ মোজাম্মেল হক এআইজি	০১/০৭/২০০৯	২২/১১/২০০৯	খন্ডকালীন
০২	জনাব দেবাশীষ চন্দ্র সাহা, নির্বাহী প্রকৌশলী	২২/১১/২০০৯	১২/০২/২০১২	খন্ডকালীন
০৩	মোঃ রেজাউল ইসলাম নির্বাহী প্রকৌশলী	১২/০২/২০১২	৩০/০৬/২০১৫	খন্ডকালীন
০৪	মোঃ রেজাউল ইসলাম নির্বাহী প্রকৌশলী	০১/০৭/২০১৫	৩০/০৬/২০১৭	পূর্ণকালীন

৭.৫ প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতিঃ

প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ১৭৪৪৫.৭০ লক্ষ টাকা। মন্ত্রণালয় হতে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি মোট ১৬৪১৭.৩৬ লক্ষ টাকা (৯৪.১০%) । প্রকল্পটির অনুকূলে ২০০৯-১০ হতে ২০১৬-২০১৭ বছর পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্ত	ব্যয়		
	মোট টাকা	জিওবি	পিএ	টাকা	মোট টাকা	জিওবি	পিএ
২০০৯-১০	১০০.০০	১০০.০০	-	১০০.০০	৯৬.৩০	৯৬.৩০	-
২০১০-১১	৫০০.০০	৫০০.০০	-	৫০০.০০	৪৯২.৫৭	৪৯২.৫৭	-
২০১১-১২	১০২৪.০০	১০২৪.০০	-	১০২৪.০০	১০১৮.৬৯	১০১৮.৬৯	-
২০১২-১৩	১৯০০.০০	১৯০০.০০	-	১৯০০.০০	১৮৯১.৫৯	১৮৯১.৫৯	-
২০১৩-১৪	১৮৭৫.০০	১৮৭৫.০০	-	১৮৭৫.০০	১৮৬০.০০	১৮৬০.০০	-
২০১৪-১৫	৩৭০০.০০	৩৭০০.০০	-	৩৭০০.০০	৩৬৭৮.৭৭	৩৬৭৮.৭৭	-
২০১৫-১৬	৩০০০.০০	৩০০০.০০	-	৩০০০.০০	২৯৯৮.৫৩	২৯৯৮.৫৩	-
২০১৬-১৭	৪৫০০.০০	৪৫০০.০০	-	৪৫০০.০০	৪৩৮০.৯১	৪৩৮০.৯১	-
মোট	**১৬৫৯৯.০০**	**১৬৫৯৯.০০**	**-**	**১৬৫৯৯.০০**	১৬৪১৭.৩৬	১৬৪১৭.৩৬	**-**

অবমুক্তকৃত অর্থ এর তুলনায় কম ব্যয়ের ফলে যে উদ্বৃত্ত অর্থ ছিল তা সরকারি কোষাগারে জমা করা হয়েছে মর্মে তৎকালীন প্রকল্প পরিচালক অবহিত করেন।

৮.০ প্রকল্প পরিদর্শনঃ

নিঝুম দ্বীপ,নোয়াখালীঃ

৮.১ গত ২৩/১১/২০১৭ তারিখে আলোচ্য প্রকল্পের আওতায় নোয়াখালী জেলার নিঝুম দ্বীপে নির্মিত তদন্ত কেন্দ্র (টাইপ প্ল্যানে) পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে নোয়াখালী জেলার গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী উপস্থিত ছিলেন। প্রকল্পের আওতায় বাউন্ডারী ওয়াল নির্মাণ, স্যালুটিং ডায়াস, ইন্টারনাল রোড নির্মাণ এখন পর্যন্ত সমাপ্ত হয়নি। ডিপ টিউবয়েলের পানি সরবরাহ লাইন তৈরী করা হয়েছে। কিন্তু পানি সরবরাহের জন্য পানির লাইনের নিচে ইটের কাজ করা হয়নি। ফলে পানি সরবরাহ ব্যহত হচ্ছে। প্রকল্পের আওতায় নির্মিত ভবনের নীচতলার ফিনিশিং ওয়ার্ক সম্পূর্ণরূপে শেষ করা হয়নি। ভবনের দেয়ালের কয়েকটি স্থানে লোনা'র প্রভাব লক্ষ করা গেছে। সিড়ি এবং মেঝের টাইলসের ফিনিশিং পুটিং দেয়া হয়নি। ভবনের

একটি রুমের থাই গ্লাস ভাঙ্গা রয়েছে। সিড়ির কয়েকটি টাইলস ভাঙ্গা রয়েছে। প্রকল্পের আওতায় সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। ভবনটি এখন পর্যন্ত বাংলাদেশ পুলিশের নিকট হস্তান্তর করা হয়নি।

সানন্দাবাজার, জামালপুরঃ

৮.২ গত ২৫/১১/২০১৭ তারিখে আলোচ্য প্রকল্পের আওতায় বাস্তবায়িত জামালপুর জেলার সানন্দাবাজার পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জামালপুর জেলার গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী উপস্থিত ছিলেন। প্রকল্পের আওতায় নির্মিতব্য ভবন পরিদর্শনকালীন টেন্ডার ডকুমেন্ট অনুযায়ী পুরোপুরি হস্তান্তরের উপযোগী অবস্থায় পাওয়া যায়নি । ভবনটিতে সিড়ির টাইলস কয়েকটি জায়গায় লাগানো হয়নি। ভবনের বাইরের দিকে ব্রিক ওয়ার্ক সম্পূর্ণরূপে শেষ হয়নি। স্যালুটিং ডায়াস, ইন্টারনাল রোড নির্মাণের কিছু কাজ এখনও বাকি রয়েছে। ভবনটিতে থাই গ্লাস লাগানো বাকী রয়েছে । ভবনের কিছু অংশে বাথরুম ফিটিংস এখন পর্যন্ত লাগানো হয়নি। আভ্যন্তরীণ বিদ্যুতায়নের কাজ চলমান রয়েছে। ভবনের নীচতলা সহ বিভিন্ন স্থানে মেঝে অসম্পূর্ণ রয়েছে। সিড়ি এবং মেঝেতে যে সকল স্থানে টাইলস স্থাপন করা হয়েছে সেসকল টাইলসের ফিনিশিং পুটিং দেয়া হয়নি। ভবনের রংয়ের কাজ সমাপ্ত হয়নি। দরপত্রের শর্তানুযায়ী রংয়ের কাজ সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ভবনের চারদিকে এখন পর্যন্ত অসমান অবস্থায় রয়েছে। ভূমি উন্নয়নের কাজ দ্রুত করার জন্য বলা হয়। চলমান কাজের বিষয়ে ঠিকাদারের প্রতিনিধি এবং নির্বাহী প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনা করে জানা যায় যে, ঠিকাদার কর্তৃক কাজ সম্পাদনের বিলম্ব ঘটেছে। অতিদ্রুত সময়ের মধ্যে ভবনের সকল কাজ সম্পাদন করে বাংলাদেশ পুলিশের নিকট হস্তান্তর করা হবে মর্মে ঠিকাদারের প্রতিনিধি অবহিত করেন। এ স্থানে ভবন নির্মানের ঠিকাদার প্রতিষ্ঠান TCCL MCC JV কনস্ট্রাকশন কাজে বিলম্ব ঘটানোর কারণে কার্য সম্পাদন জামানত কেটে রাখা যেতে পারে। তাছাড়া উক্ত ঠিকাদারকে কালো তালিকাভুক্ত করা যেতে পারে। যাতে অন্যান্য ঠিকাদার এ জাতীয় বিলম্ব হতে বিরত থাকে।

তাড়াটিয়া, জামালপুরঃ

৮.৩ গত ২৫/১১/২০১৭ তারিখে আলোচ্য প্রকল্পের আওতায় বাস্তবায়িত জামালপুর জেলার তাড়াটিয়ায় আলোচ্য প্রকল্পের আওতায় নির্মিতব্য তদন্ত কেন্দ্র পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জামালপুর জেলার নির্বাহী প্রকৌশলী উপস্থিত ছিলেন। ভবনটিতে সিড়ির কিছু অংশের টাইলস লাগানো হয়নি ভবনের বাইরের দিকে ব্রিক ওয়ার্ক চলমান রয়েছে। স্যালুটিং ডায়াস, ইন্টারনাল রোড নির্মাণ কজের কিছু অংশ অসমাপ্ত রয়েছে। ভবনটিতে থাই গ্লাস লাগানোর কাজ চলমান রয়েছে। আভ্যন্তরীণ বিদ্যুতায়নের কাজ চলমান রয়েছে। ভবনটিতে যে গ্রিল লাগানো হয়েছে সে গ্রিলের মান সন্তোষজনক নয়। ভবনের নীচতলা সহ বিভিন্ন স্থানে মেঝের কাজ অসমাপ্ত রয়েছে। সিড়ি এবং মেঝেতে যে সকল স্থানে টাইলস স্থাপন করা হয়েছে সেসকল টাইলসের ফিনিশিং পুটিং দেয়া হয়নি। ভবনের কিছু অংশে বাথরুম ফিটিংস এখন পর্যন্ত লাগানো হয়নি। ভবনের চতুর্দিকে স্থাপিত দেয়ালের উপরে কাটাতারের বেষ্টনি দেওয়া হয়নি। চলমান কাজের বিষয়ে ঠিকাদারের প্রতিনিধি এবং নির্বাহী প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনা করে জানা যায় যে, ঠিকাদার কর্তৃক কাজ সম্পাদনের বিলম্ব ঘটেছে। অতিদ্রুত সময়ের মধ্যে ভবনের সকল কাজ সম্পাদন করে বাংলাদেশ পুলিশের নিকট হস্তান্তর করা হবে মর্মে ঠিকাদারের প্রতিনিধি অবহিত করেন।

তারাবুনিয়া, ঝালকাঠিঃ

৮.৪ গত ২৭/১১/২০১৭ তারিখে আলোচ্য প্রকল্পের আওতায় বাস্তবায়িত ঝালকাঠি জেলার তারাবুনিয়া পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে ঝালকাঠি জেলার উপবিভাগীয় প্রকৌশলী উপস্থিত ছিলেন। প্রকল্পের আওতায় নির্মিত ভবনের প্রায় সকল কাজই সম্পাদিত হয়েছে। ভবনটি খুব শীঘ্রই বাংলাদেশ পুলিশের নিকট হস্তান্তর করা হবে। ভবনের ছাদে বেশ কিছু স্থানে পানি জমে থাকার প্রমাণ পাওয়া যায় । ছাদের পানির ট্যাংকির পাইপ হতে পানি পড়ার বিষয়টি লক্ষ্য করা যায়। ভবনের স্থাপিত থাই গ্লাস বিভিন্ন স্থানে সঠিকভাবে না লাগানোর কারণে ফাঁকা রয়েছে। সঠিকভাবে থাই গ্লাস লাগানো প্রয়োজন। ভবনের বাথরুমে যে ফিটিংস লাগানো হয়েছে তা ভাল নয়। কমোডের ফ্লাস ঠিক মত কাজ করে না । তৃতীয় তলা হতে ছাদে যাওয়ার রাস্তা ফাঁকা রয়েছে ফলে বাহিরের পানি ভিতরে ঢোকার সুযোগ রয়েছে। উক্ত স্থানে একটি গেট দেওয়ার ব্যবস্থা করার জন্য পরামর্শ প্রদান করা হয়। এ সকল ক্ষেত্রে পুলিশ বিভাগ সংশ্লিষ্ট কর্মকর্তা উক্ত নির্মাণ ভবন পরিদর্শন করে নির্মাণ ত্রুটি/ বিচ্যুতি চিহ্নিত করে ত্রুটি তালিকা (Defect List)গণপূর্ত বিভাগের নিকট প্রেরণ করবে। যার ভিত্তিতে ঠিকাদার স্বীয় খরচে উক্ত ত্রুটি/ বিচ্যুতি মেরামত/পরিবর্তন করে তা পুলিশ বিভাগের নিকট হস্তান্তর করতে পারে।

বাহারছড়া টেকনাফ, কক্সবাজারঃ

৮.৫ গত ০৬/১২/২০১৭ তারিখে আলোচ্য প্রকল্পের আওতায় বাস্তবায়িত কক্সবাজার জেলার টেকনাফ উপজেলার অন্তগর্ত বাহারছড়া তদন্ত কেন্দ্র পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে কক্সবাজার জেলার উপবিভাগীয় প্রকৌশলী উপস্থিত ছিলেন। প্রকল্পটি ০২ বছর পূর্বে বাংলাদেশ পুলিশের নিকট হস্তান্তর করা হয়। বর্তমানে ভবনটি পুলিশ তদন্ত কেন্দ্র হিসেবে ব্যবহার হচ্ছে। ভবনের ছাদে পানি জমে থাকার প্রমাণ লক্ষ্য করা গেছে। পানি ওভারহেড ট্যাংকে উঠানোর জন্য ব্যবহৃত বৈদ্যুতিক মটর বন্ধ না করার কারণে ছাদে পানি জমে থাকে। ভবনের কয়েকটি দেয়াল স্যাতস্যাতে রয়েছে। ভবনের কয়েকটি স্থানে হেয়ার ক্যাক লক্ষ্য করা গেছে। ভবনটি পুলিশ কর্তৃক ব্যবহৃত হলেও নিয়মিত পরিষ্কার না করার কারণে বাথরুম এবং সিড়ি অপরিচ্ছন্ন রয়েছে। ভবনটি পরিষ্কার রাখার জন্য ব্যবহারকারীকে নির্দেশ প্রদান করা হয়েছে।

চকোরিয়া, কক্সবাজারঃ

৮.৬ গত ০৬/১২/২০১৭ তারিখে আলোচ্য প্রকল্পের আওতায় বাস্তবায়িত কক্সবাজার জেলার চকোরিয়া উপজেলার তদন্ত কেন্দ্র পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে কক্সবাজার জেলার নির্বাহী প্রকৌশলী এবং উপবিভাগীয় প্রকৌশলী উপস্থিত ছিলেন। প্রকল্পটির নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। খুব শীঘ্রই বাংলাদেশ পুলিশের নিকট হস্তান্তর করা হবে। ভবনটিতে ব্যবহৃত টাইলসের ফিনিশিং ভালো হয়নি। ভবনের জমিতে বালি দ্বারা ল্যান্ড ফিলিং করা হয়েছে। বালির উপর মাটি দেওয়া প্রয়োজন। ভবনের সামনে কোন আরবরিকালচার করা হয়নি। ফুলের গাছ লাগানোর জন্য পরামর্শ প্রদান করা হয়। ভবনের কয়েকটি স্থানে হেয়ার ক্র্যাক লক্ষ্য করা গেছে।

নিজামপুর, মিরেরসরাই চট্টগ্রামঃ

৮.৭ গত ০৭/১২/২০১৭ তারিখে আলোচ্য প্রকল্পের আওতায় বাস্তবায়িত চট্টগ্রাম জেলার মিরেরসরাই তদন্ত কেন্দ্র পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে কক্সবাজার জেলার নির্বাহী প্রকৌশলী এবং উপবিভাগীয় প্রকৌশলী উপস্থিত ছিলেন। ভবনের ছাদে বেশকিছু স্থানে পানি জমে থাকার প্রমাণ প্রাওয়া গেছে। ছাদের উপর যে ট্যাংক আছে সেখানে থেকে পানি নির্গত হয়। সিড়ির থাই জানালা ভালোভাবে না লাগানোর কারণে বৃষ্টির সময় বৃষ্টির পানি ভবনের ভেতর ঢোকে। ভবনের বাথরুম অত্যান্ত অপরিচ্ছন্ন রয়েছে। বাথরুমের ফিটিংস অত্যান্ত নিম্নমানে যার অধিকাংশ এখনই অকেজো হয়ে পড়েছে। এছাড়া কয়েকটি বেসিন থেকে পানি যথাযথ ড্রেনেজ সিস্টেমে না গিয়ে মেঝেতে চলে আসে। ভবনের বাইরে থেকে বহিঃস্থ দেয়াল ভিজে থাকতে দেখা গেছে। বাইরের দিকের ডাক্ট এর মুখ বন্ধ করা হয়নি। ভবনের বাইরের দিকে বহিঃস্থ ড্রেন পানি নির্গমনে ব্যবহৃত হওয়ার সুযোগ নেই কারণ ড্রেনটি উঁচু করে তৈরী করা হয়েছে। বাউন্ডারী ওয়াল ভালভাবে তৈরী করা হয়নি। এখনই বাইরের দিকে হেলে পড়েছে।

৯. **ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ** আলোচ্য প্রকল্পের মাধ্যমে যে সকল নির্মাণকাজ/মালামাল ক্রয় করা হয়েছে তা পিপিআর অনুসারে টেন্ডারিং-এর মাধ্যমে যথাযথ সদস্যদের সমন্বয়ে গঠিত দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক করা হয়েছে। দরপত্র মূল্যায়ন কমিটিতে বিভাগ/সংস্থা বহির্ভূত অন্যান্য বিভাগ/সংস্থার ২ (দুই) জন সদস্য নিয়মানুয়ায়ী অর্ন্তভূক্ত করা হয়েছে।

১০. অডিট নিস্পত্তি সংক্রান্ত তথ্যাদিঃ

প্রকল্পের প্রেরিত পিসিআর এর অনুচ্ছেদ-এফ মনিটরিং এন্ড অডিটিং এর ২.১ নং অনুচ্ছেদে কোন তথ্য উল্লেখ করা হয়নি। এছাড়া ২.২ নং অনুচ্ছেদে তথ্য উল্লেখ করা হয়েছে। সর্বশেষ ২০১৫-১৬ অর্থ বছরে কোন তথ্য উল্লেখ করা হয়নি। সর্বশেষ বছরের অডিট আপত্তি নিস্পত্তি করা প্রয়োজন।

১১. প্রকল্পের ?????ও অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
পুলিশ বিভাগের অবকাঠামোগত সুযোগ সুবিধা নিশ্চিতকরণ। আইন শৃংখলা পরিস্থিতির নিয়ন্ত্রণে সহযোগিতা প্রদান। ফৌজদারী অপরাধের (মামলার) যথাযথ এবং দ্রুত তদন্তকরণ।	৬০ টি প্রকল্প এলাকায় ভৌত অবকাঠামো উন্নয়ন করা হয়েছে। কয়েকটি স্থান ব্যতিত সকল স্থানে ভবন হস্তান্তর করা হয়েছে। প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে মর্মে বলা যায়।

??.? ???????? ???????? ?????? ?? ??? ?????????????????

১৩.০ **সমস্যাঃ**

১৩.১ নিঝুম দ্বীপ, নোয়াখালী তদন্ত কেন্দ্রের ডিপ টিউবয়েলের পানি সরবরাহ লাইন তৈরী করা হয়েছে কিন্তু পানি সরবরাহের লাইনের নিচে ইটের কাজ করা হয়নি।

১৩.২ জামালপুর দুটি স্থানে (সানন্দাবাজার, তাড়াটিয়া), চকোরিয়া এবং কক্সবাজারের ভবনগুলোতে ব্যবহৃত টাইলসের ফিনিশিং পুটিং ভালভাবে দেয়া হয়নি এবং নিঝুম দ্বীপ, নোয়াখালীর সিড়ির কয়েকটি টাইলস ভাঙ্গা রয়েছে।

১৩.৩ কক্সবাজার দুটি স্থানে (বাহারছড়া টেকনাফ, চকোরিয়া), নিজামপুর, মিরেরসরাই চট্টগ্রামের ভবনগুলোর ছাদে পানি জমে থাকার প্রমাণ লক্ষ্য করা গেছে।

১৩.৪ জামালপুর দুটি স্থানে (সানন্দাবাজার, তাড়াটিয়া) এবং তারাবুনিয়া, ঝালকাঠির ভবনগুলোর থাইগ্লাস লাগানো হয়নি। তাছাড়া, নিঝুম দ্বীপ, নোয়াখালীর ভবনটির একটি রুমের থাই গ্লাস ভাঙ্গা রয়েছে।

১৩.৫ জামালপুর দুটি স্থানে (সানন্দাবাজার, তাড়াটিয়া) স্যালুটিং ডায়াস, ইন্টারনাল রোড নির্মাণ কাজ সমাপ্ত হয়নি।

১৩.৬ জামালপুর দুটি স্থানে (সানন্দাবাজার, তাড়াটিয়া) ভবনের বাথরুমের ফিটিংস এখন পর্যন্ত লাগানো হয়নি তবে তারাবুনিয়া, ঝালকাঠি; নিজামপুর, মিরেরসরাই চট্টগ্রামে বাথরুমে নিম্নমানের ফিটিংস লাগানো হয়েছে।

১৩.৭ তাড়টিয়া, জামালপুর ভবনটিতে যে গ্রিল লাগানো হয়েছে তার মান সন্তোষজনক নয়।

১৩.৮ তাড়টিয়া, জামালপুর ভবনের চর্তুদিকে স্থাপিত দেয়ালের উপরে কাটাতারের বেষ্টনি দেওয়া হয়নি এবং নিজামপুর, মিরেরসরাই চট্টগ্রাম ভবনের বাউন্ডারী ওয়াল ভালভাবে নির্মাণ না করার কারণে দেয়াল বাইরের দিকে হেলে পড়েছে।

১৩.৯ তাড়টিয়া, জামালপুর ভবনের তলা হতে ছাদে যাওয়ার রাস্তা ফাঁকা রয়েছে ফলে বাহিরের পানি ভিতরে ঢোকার সুযোগ রয়েছে।

১৩.১০ তারাবুনিয়া, ঝালকাঠি; নিজামপুর, মিরেরসরাই চট্টগ্রাম ছাদের উপরে যে ট্যাংক আছে সেখান থেকে পানি নির্গত হয়।

১৩.১১ বাহারছড়া টেকনাফ, কক্সবাজার; নিজামপুর, মিরেরসরাই চট্টগ্রাম ভবনের বাইরের দেয়াল ভিজে দেখা যায় এবং কক্সবাজর দুটি স্থানে (বাহার ছড়া টেকনাফ, চকোরিয়া) ভবনটির দেয়ালে হয়ার ক্র্যাক দেখা গেছে।

১৩.১২ নিজামপুর, মিরেরসরাই চট্টগ্রাম ভবনের বাইরের ড্রেন দিয়ে ভালোভাবে পানি নির্গমন হয়না এবং ভিতরে বেসিনের ড্রেনেজ সিস্টেম ভালো না হওয়ার কারণে বেসিন দিয়ে মেঝেতে পানি পড়ে।

১৪.০ **সুপারিশ /মেরামতঃ**

১৪.১ নিঝুম দ্বীপ, নোয়াখালী তদন্ত কেন্দ্রের ডিপ টিউবয়েলের পানি সরবরাহ লাইন তৈরীতে ইটের কাজ করতে হবে।

১৪.২ জামালপুর দুটি স্থানে (সানন্দাবাজার, তাড়াটিয়া); চকোরিয়া, কক্সবাজার; ভবনগুলোতে ব্যবহৃত টাইলসের ফিনিশিংপুটিং ভালভাবে দিতে হবে নিঝুম দ্বীপ, নোয়াখালী তদন্ত কেন্দ্রের ভাঙ্গা টাইলস পরিবর্তন করতে হবে।

১৪.৩ কক্সবাজার দুটি স্থানে (বাহারছড়া টেকনাফ, চকোরিয়া); নিজামপুর, মিরেরসরাই চট্টগ্রাম ভবনগুলোর ছাদে পানি অপসারণের ব্যবস্থা করতে হবে।

১৪.৪ জামালপুর দুটি স্থানে (সানন্দাবাজার, তাড়াটিয়া); তারাবুনিয়া, ঝালকাঠি; ভবনগুলোর থাই গ্লাস লাগাতে হবে ও নিঝুম দ্বীপ, নোয়াখালীর ভবনটির যে রুমের থাই গ্লাস ভাঙ্গা সে থাই গ্লাসটি মেরামত করতে হবে।

১৪.৫ জামালপুর দুটি স্থানে (সানন্দাবাজার, তাড়াটিয়া) তদন্ত কেন্দ্রর স্যালুটিং ডায়াস, ইন্টারনাল রোডের যে অংশের কাজ বাকী আছে সে অংশের কাজ সমাপ্ত করতে হবে।

১৪.৬ জামালপুর দুটি স্থানে (সানন্দাবাজার, তাড়াটিয়া) তদন্ত কেন্দ্র ভবনের বাথরুমের ফিটিংস দ্রুত লাগাতে হবে তবে তারাবুনিয়া, ঝালকাঠি; নিজামপুর, মিরেরসরাই চট্টগ্রাম বাথরুমে ভালমানের ফিটিংস লাগাত হবে।

১৪.৭ তাড়টিয়া, জামালপুর তদন্ত কেন্দ্র ভবনে মানসম্মত গ্রিল লাগাতে হবে।

১৪.৮ তাড়টিয়া, জামালপুর তদন্ত কেন্দ্র ভবনের চর্তুদিকে স্থাপিত দেয়ালের উপরে কাটাতারের বেষ্টনি দিতে হবে এবং নিজামপুর, মিরেরসরাই চট্টগ্রাম ভবনের বাউন্ডারী ওয়াল মজবুতভাবে নির্মাণ করতে হবে।

১৪.৯ তাড়াটিয়া, জামালপুর তদন্ত কেন্দ্র ভবনের তলা হতে ছাদে যাওয়ার জন্য যে ফাঁকা রাস্তা রয়েছে সেখান থেকে ভিতরে যেন পানি প্রবেশ না করে সে ব্যবস্থা করতে হবে।

১৪.৯ তারাবুনিয়া, ঝালকাঠি; নিজামপুর, মিরেরসরাই চট্টগ্রাম তদন্ত কেন্দ্র ভবনের ছাদের উপরে যে ট্যাংক আছে সেখান থেকে পানি পড়া বন্ধ করতে হবে।

১৪.১০ বাহারছড়া টেকনাফ, কক্সবাজার; নিজামপুর, মিরেরসরাই চট্টগ্রাম তদন্ত কেন্দ্র ভবনের বাইরের দেয়াল ভিজে না দেখা যায় সেদিকে লক্ষ্য রাখতে হবে এবং কক্সবাজর দুটি স্থানে (বাহার ছড়া টেকনাফ, চকোরিয়া) তদন্ত কেন্দ্র ভবনটির যে স্থানে হেয়ার ক্রাক লক্ষ্য করা গেছে সেখানে মেরামত করতে হবে।

১৪.১১ নিজামপুর, মিরেরসরাই চট্টগ্রাম তদন্ত কেন্দ্র ভবনের বাইরের ড্রেন ও ভিতরের বেসিনের ড্রেনেজ দিয়ে ভালোভাবে পানি নির্গমনের ব্যবস্থা করতে হবে।

১৪.১২ পুলিশ অধিদপ্তর কর্তৃক ভবন পরিদর্শন করে নির্মাণ ত্রুটি/ বিচ্যুতি চিহ্নিত করে ত্রুটি তালিকা (Defect List) গণপূর্ত অধিদপ্তরের নিকট প্রেরণ করতে হবে। যার ভিত্তিতে ঠিকাদার স্বীয় খরচে উক্ত ত্রুটি/ বিচ্যুতি মেরামত/পরিবর্তন করে তা পুলিশ অধিদপ্তরের নিকট হস্তান্তর করতে হবে।

১৪.১৩ জামালপুরে ঠিকাদার প্রতিষ্ঠান TCCL MCC- JV কনস্ট্রাকশন কাজে বিলম্ব ঘটানোর কারণে কার্য সম্পাদন জামানত কেটে রাখা যেতে পারে। তাছাড়া উক্ত ঠিকাদারকে কালো তালিকাভুক্ত করা যেতে পারে।

১৫। প্রতিবেদনের অনুচ্ছেদ নং ১৪.১ হতে ১৪.১৩ পর্যন্ত সুপারিশের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণপূর্বক আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

Anti Trafficking Mechanism & Monitoring Project -শীর্ষক প্রকল্পের ?????? ???????? ????????? (???????, ????)

১.০ নামঃ Anti Trafficking Mechanism & Monitoring Project
শীর্ষক প্রকল্প

উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ **স্বরাষ্ট্র মন্ত্রণালয়।**

৩.০ বাস্তবায়নকারী সংস্থাঃ **পরিকল্পনা উইং, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।**

৪.০ প্রকল্প এলাকাঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

৫.০ প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট টাকা (প্রঃসাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল মোট টাকা (প্রঃসাঃ)	সর্বশেষ সংশোধিত মোট টাকা (প্রঃসাঃ)		মূল	সর্বশেষ সংশোধিত			
৫০০.০০ (৪৫০)	**৫০০.০০ (৪৫০)**	**৩৫৩.০৫ (৩০৩.০৫)**	জানুয়ারী ২০১২ হতে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত		জুলাই ২০১২ হতে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত	-	-

*** প্রকৃত ব্যয় মূল প্রকল্প ব্যয়ের অপেক্ষা ১৪৬.৯৫ লক্ষ টাকা কম খরচ হয়েছে।**

৬.০ প্রকল্পের বিভিন্ন অঙ্গের বাস্তবায়ন (PCR-এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে):

(ব্যয় লক্ষ টাকায়)

বিভিন্ন অংগের নাম	**একক**	পরিকল্পিত লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন		
		আর্থিক	**বাস্তব**	**আর্থিক**	**বাস্তব**	
১	২	৩	৪	৫	৬	৭
Man power	Mm	72	4	66.66	4	11.34
Travelling allownace	LS	12	LS	10.37	LS	1.63
Office rent	LS	50	LS	50	LS	0
Postal	LS	2.5	LS	-	LS	2.5
Internet, Fax, Telle phone bill	LS	3	LS	2.6	LS	0.4
Fuel & Lubricant	LS	15	LS	9.43	LS	5.57
Stationary, Losgistics and Visits	LS		LS	15.22	LS	4.87
Advertisement & Publications	LS	25	LS	4.75	LS	20.25
Traning	1000	146	1000	104.63	1000	41.37
Seminar & Workshop	LS	5	LS	2.95	LS	2.05
Entertainment	LS	3	-	-		3
Management charge	500 no	0	-	-		-
Compensation		0	-	-		-
Exchange visit / Bilateral (Local/ Foreign)	20 no	60	20 no	30.29	4	29.71
Hounariam	LS	2	LS	2	LS	0

Evaluation	LS	10	LS	-	LS	10
LAN Connected	LS	5	LS	2.34	LS	2.66
Maintenance	LS	5	LS	4.69	LS	0.31
Hiring Charge (1 vehicle)	LS	33	LS	24.82	LS	8.18
Others	LS	4	LS	3.2	LS	0.8
Child Desk	LS	20	LS	20	LS	0
a) Revenue Sub-total		492.50		347.95		144.55
Office equipment	Photocopier Scanner, Phone, Fax, Fan	3	Photocopier Scanner, Phone, Fax, Fan	2.85		0.15
Computers with Accessories	Desktop pc,ups, printer modem	2.25	Desktop pc,ups, printer modem	2.25		0
Office Furniture		2.25	-	-		2.25
b) Capital sub totoal		7.5		5.1		2.4
Grand total (a+b)		500.00		353.05		146.95

৭.০ **সাধারণ পর্যবেক্ষণঃ**

৭.১ পটভূমিঃ

স্বরাষ্ট মন্ত্রণালয়ের আওতাধীণ বিভিন্ন সংস্থার সদস্যদের Capacity Building এবং Advocacy & Sanitization করার উদ্দেশ্যে UNFPA 6th Country Program এর আওতায় UNFPA ও DFIDর যৌথ আর্থিক ও কারিগরি সহায়তায় জানুয়ারি ২০০৩- ডিসেম্বর ২০০৫ মেয়াদে একটি প্রকল্প বাস্তবায়ন করা হয়। পরবর্তীতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তরসমূহে কর্মকর্তা/ কর্মচারীদের প্রজনন স্বাস্থ্য, জেন্ডার ইস্যুজ এবং এবং HIV/ AIDS বিষয়ে সচেতন করা এবং ঐ সকল সংস্থার সদস্য ও তাদের পরিবারবর্গের প্রজনন স্বাস্থ্য, মহিলাদের অধিকার নিশ্চিত করা এবং দায়িত্বশীল পিতৃত্ব/ মাতৃত্বের দৃষ্টিভঙ্গি গড়ে তোলার লক্ষ্যে UNFPA 7th Country Program এর আওতায় UNFPA আর্থিক ও কারিগরি সহায়তায় জানুয়ারি ২০০৬ হতে ডিসেম্বর ২০১১ মেয়াদে আরো একটি প্রকল্প বাস্তবায়ন করা হয়। বাস্তবায়িত দুটি প্রকল্পের মূল্যায়নের ভিত্তিতে প্রান্তিক/ সুবিধাবঞ্চিত সহ সকল মহিলার সামাজিক ও প্রাতিষ্ঠানিক ঝুঁকি হ্রাসসহ মহিলাদের বিভিন্ন রকম ঝুঁকি (বাল্যবিবাহ ও নারীর প্রতি সহিংসতা) হ্রাসের লক্ষ্যে গণসচেতনতা তৈরীর উদ্দেশ্য প্রস্তাবিত প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

